# Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 18 July, 2025

বাজারে সবজির ঝাঁজ কিছুতেই কমছে না। কয়েক সপ্তাহ ধরে প্রায় সব ধরনের সবজি বিক্রি হচ্ছে বাড়তি দামে। মৌসুম ফুরিয়ে আসা, বৃষ্টিপাত ও সরবরাহ কমে যাওয়াকে দাম বৃদ্ধির কারণ হিসেবে দেখালেও, কাঁচা মরিচসহ বেশ কয়েকটি পণ্যের দাম কোনোভাবেই নিয়ন্ত্রণে আসছে না।

শুক্রবার (১৮ জুলাই) রাজধানীর বিভিন্ন বাজার ঘুরে দেখা গেছে, সবজির পাশাপাশি কাঁচা মরিচও বিক্রি হচ্ছে অতিরিক্ত দামে। বর্তমানে মানভেদে কাঁচা মরিচ প্রতি কেজি বিক্রি হচ্ছে ২৪০ থেকে ৩২০ টাকায়।

আজকের বাজারদর অনুযায়ী,

১. বেগুন: প্রতি কেজি ৬০-৮০ টাকা

২. ধন্দুল, চিচিঙ্গা, ঝিঙ্গা: ৬০ টাকা

৩. কচুর লতি, কাঁকরোল, বরবটি, করলা, শসা: প্রতি কেজি ৮০ টাকা

৪. পটল: ৫০ টাকা

৫. ঢেঁড়স: ৪০ টাকা

৬. জালি: ৫০ টাকা

৭. লাউ (প্রতি পিস): ৬০ টাকা

৮. আলু: ৩০ টাকা

৯. কাঁচা কলা (প্রতি হালি): ৪০ টাকা

১০. কাঁচা মরিচ: প্রতি কেজি ২৪০-৩২০ টাকা

রামপুরা বাজারে বাজার করতে আসা বেসরকারি চাকরিজীবী সাজেদুর রহমান বলেন, “বেশ কিছুদিন ধরেই সব ধরনের সবজির দাম অস্বাভাবিক। একবার দাম বেড়ে যাওয়ার পর আর কমছে না। সাধারণ মানুষের স্বার্থে নিয়মিত বাজার মনিটরিং করা উচিত, কিন্তু সেটা হচ্ছে না। ফলে বিক্রেতারা নিজেদের মতো করে দাম আদায় করছে।আজ এক পোয়া কাঁচা মরিচ কিনলাম ৮০ টাকায়।”

মহাখালী এলাকার সবজি বিক্রেতা আব্দুল মালেক মিয়া জানান, “গত কয়েক সপ্তাহ ধরে সবজির দাম কিছুটা বাড়তি। অনেক সবজির মৌসুম শেষ হয়ে গেছে, সঙ্গে টানা বৃষ্টির কারণে বিভিন্ন এলাকা থেকে সরবরাহও কম। ফলে পাইকারি ও খুচরা বাজারে দাম বেড়ে গেছে।”

কারওয়ান বাজারের বিক্রেতা আলমগীর হোসেন বলেন, “বৃষ্টি হলে কাঁচা মরিচের দাম সব সময়ই বাড়ে। গত কয়েকদিনের বৃষ্টিতে দাম আবারও বেড়েছে। ফলে আজ খুচরা বাজারে কাঁচা মরিচ বিক্রি হচ্ছে ২৪০ থেকে ৩২০ টাকা কেজি।”

বাজার কারওয়ান বাজার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:30

URL: https://timestodaybd.com/economy/4953117946